

গণবিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং: ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮,
তারিখ: ২৫/০৩/২০২৪ খ্রিস্টাব্দ অনুযায়ী IM4 সুবিধায় আমদানিকারকের
BIN এর বিপরীতে ০৩ টি করে সিএন্ডএফ এজেন্ট এর AIN নম্বর
সংযুক্তকরণের সময়সীমা আগামী ১৬/০৪/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত বর্ধিত করা
হয়েছে। সকল আমদানিকারককে উল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম
সম্পাদন করার জন্য বলা হলো। কাস্টম হাউস, পানগাঁও ব্যতীত অন্য
কোনো স্টেশনের সিএন্ডএফ এজেন্ট এর AIN নম্বর অত্র দপ্তরে সংযুক্ত করা
হবেনা এবং উক্ত কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড
অনুমোদিত অনলাইনে <https://bdcams.bdcustoms.gov.bd> এর
মাধ্যমে আমদানিকারকগণ তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের মনোনয়ন
দিতে পারবেন। উল্লেখ্য, উক্ত ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হলে
জাতীয় রাজস্ব বোর্ডের আইভাস সিস্টেমে সংশ্লিষ্ট আমাদানিকারকের
হালনাগাদকৃত ফোন নম্বর এন্ট্রি থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এর ব্যত্যয় হলে
আমাদানিকারকগণ সিএন্ডএফ এজেন্ট মনোনয়ন সম্পন্ন করতে পারবেন না।

আদেশক্রমে কর্তৃপক্ষ
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।